রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ২০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখঃ ০২ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

**নং নিমবো/নিমনি/চিংড়ি/২০১৪/৩৯**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং নিম্নতম মজুরী বিধিমালা, ১৯৬১ এর ১৫(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক "চিংড়ি" শিল্প সেক্টরে কর্মরত শ্রমিকদের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৫ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "চিংড়ি" শিল্প সেক্টরে কর্মরত শ্রমিকদের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে উক্ত আপত্তি বা সুপারিশ লিখিতভাবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত এই বিজ্ঞপ্তির তারিখ হইতে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমা অতিক্রান্ত হইবার পর বোর্ড প্রাপ্ত আপত্তি বা সুপারিশ বিবেচনাক্রমে সরকারের নিকট সুপারিশ উপস্থাপন করিবেন।

**মোঃ শহীদুল্লাহ বকাউল**
চেয়ারম্যান (জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।



**মূল্য ঃ** টাকা ৮.০০

## "চিংড়ি" শিল্প
## খসড়া সুপারিশ-২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ কর্তৃক স্মারক নং ৪০.০০.০০০০.০১৬.৩২.১৭.১২.১১২ তারিখঃ ২১ আগস্ট, ২০১৪খ্রিঃ মূলে "চিংড়ি" শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণের জন্য নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য এস, আর, ও নং ২১৪-আইন/২০১৪ তারিখঃ ০৭ আগস্ট, ২০১৪খ্রিঃ এর প্রজ্ঞাপন দ্বারা "চিংড়ি" শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "চিংড়ি" শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে চট্টগ্রাম/খুলনায় অবস্থিত "চিংড়ি" শিল্প সরেজমিনে পরিদর্শন করতঃ তথ্য-উপাত্ত সংগ্রহ করেন এবং একাধিক বৈঠকে মিলিত হন। এতদ্ব্যতীত বোর্ড "চিংড়ি" শিল্প সেক্টরে কর্মরত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণের নিমিত্ত শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ্য, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত খসড়া সুপারিশ পেশ করিতেছেন ঃ

১। বাংলাদেশে অবস্থিত "চিংড়ি" শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩, গ্রেড-৪, গ্রেড-৫ ও গ্রেড-৬ এই ০৬ (ছয়) শ্রেণীতে এবং কর্মচারীদের জন্য যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩ ও গ্রেড-৪ এই ০৪ (চার) শ্রেণীতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণী বিভাগ করা হয় যাহা এতদ্সঙ্গে সংযোজিত তফসিল "ক" ও "খ" তে বলা হইয়াছে। যদি কখনও এই সুপারিশে উল্লেখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হয়, তবে উহা যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। "চিংড়ি" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীদের মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী ও সুবিধাদি নির্ধারণ করা হয় যাহা সংযোজিত তফসিল "ক" ও "খ" তে বলা হইয়াছে।

৩। তফসিল "ক" ও "খ" উল্লেখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "চিংড়ি" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৪। এই সুপারিশ ঘোষণার পর হইতে "চিংড়ি" শিল্প সেক্টরের মালিকগণ তফসিল "ক" ও "খ" তে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও "খ" তে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ, প্রদেয় মজুরী ঘোষিত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা কর্মচারীদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৬। "চিংড়ি" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক কন্ট্রাক্টর/ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর/ঠিকাদার মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের কন্ট্রাক্টর/ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। কন্ট্রাক্টর/ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৭। "চিংড়ি" শিল্প সেক্টরের তফসিল "ক" ও "খ" তে উল্লেখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যেই গ্রেডে আছেন সে গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া তাহাদের স্ব স্ব মজুরী সুপারিশকৃত মজুরী অনুযায়ী নির্ধারিত হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৮। যদি "চিংড়ি" শিল্প সেক্টরের মালিক শ্রমিকগণকে ফুরনভিত্তিক (Piece Rate) মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৯। "চিংড়ি" শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও কর্মচারীগণ গেজেট প্রকাশের তারিখ হইতে ০১(এক) বছর পর মূল মজুরীর ৫% বেতন বৃদ্ধির সুবিধা পাইবে।

১০। তফসিল "ক" ও "খ" তে উল্লেখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

স্বাক্ষরিত/-
**(মোঃ শহীদুল্লাহ বকাউল)**
চেয়ারম্যান (জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

স্বাক্ষরিত/-
**(ড. মোঃ কামাল উদ্দীন)**
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষরিত/-
**(কাজী সাইফুদ্দীন আহমদ)**
মালিক পক্ষের স্থায়ী সদস্য

স্বাক্ষরিত/-
**(ফজলুল হক মন্টু)**
শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য

স্বাক্ষরিত/-
**(খন্দকার আইনুল ইসলাম)**
সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য

স্বাক্ষরিত/-
**(শেখ আজাদুর রহমান)**
সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য

**তফসিল “ক”**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী টাকা | বাড়ী ভাড়া ভাতা টাকা (মূল মজুরীর ৩৫%) | চিকিৎসা ভাতা টাকা | যাতায়াত ভাতা টাকা | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|---|
| গ্রেড-১ | ৬৩৪০/- | ২২১৯/- | ৩০০/- | ১৫০/- | ৯০০৯/- |

১। ফোরম্যান
২। প্রডাকশন ইনচার্জ
৩। কোয়ালিটি কন্ট্রোল ইনচার্জ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-২ | ৪৮৬০/- | ১৭০১/- | ৩০০/- | ১৫০/- | ৭০১১/- |

১। শিফট ইনচার্জ
২। সহকারী ফোরম্যান
৩। সিনিয়র প্রডাকশন সুপারভাইজার
৪। জেনারেল স্টোর ইনচার্জ
৫। রিসিভ ইনচার্জ
৬। হিমাগার ইনচার্জ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-৩ | ৪১২০/- | ১৪৪২/- | ৩০০/- | ১৫০/- | ৬০১২/- |

১। গ্রেডার ইনচার্জ
২। কিউ সি ইন্সপেক্টর
৩। সিনিয়র অপারেটর
৪। ইলেকট্রিশিয়ান
৫। বয়লার অপারেটর
৬। রিসিভ সুপারভাইজার
৭। প্রোডাকশন সুপারভাইজার
৮। আই কিউ এফ সুপারভাইজার
৯। হিমাগার সুপারভাইজার

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-৪ | ৩৯০০/- | ১৩৬৫/- | ৩০০/- | ১৫০/- | ৫৭১৫/- |

১। গ্রেডার (আর)
২। আরসিম্যান
৩। মেশিন অপারেটর
৪। সহকারী ইলেকট্রিশিয়ান
৫। সহকারী অপারেটর
৬। আই কিউ এফ মেশিন অপারেটর
৭। গ্রেডার (পি)
৮। গ্লেজ চেকার
৯। গ্রেড চেকার
১০। প্যানিং চেকার
১১। সিলিংম্যান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-৫ | ৩৫২০/- | ১২৩২/- | ৩০০/- | ১৫০/- | ৫২০২/- |

১। স্কেলম্যান (আর)
২। ওয়েলডার
৩। প্লাম্বার
৪। সহকারী প্রোডাকশন সুপারভাইজার
৫। স্কেলম্যান (পি)
৬। সিনিয়র প্যানার
৭। হিমাগার শ্রমিক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-৬ | ২৯৪০/- | ১০২৯/- | ৩০০/- | ১৫০/- | ৪৪১৯/- |

১। প্যানার
২। ওয়ার্কার
৩। ওয়াশম্যান
৪। মেশিন হেলপার
৫। সহকারী স্কেলম্যান
৬। সহকারী ওয়েলডার
৭। আইস ক্রাশম্যান
৮। বেল্ট ওয়ার্কার
৯। মেটাল চেকার
১০। প্যাকিং শ্রমিক
১১। পিলিং ওয়ার্কার
১২। ডি-হেডিং ওয়ার্কার
১৩। ক্লিনার

*** শিক্ষানবিসঃ**

শিক্ষানবিসীকালীন একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৩৫০০/ (তিন হাজার পাঁচশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিসীকাল হইবে ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণীতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তফসিল "খ"**

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী টাকা | বাড়ী ভাড়া ভাতা টাকা (মূল মজুরীর ৩৫%) | চিকিৎসা ভাতা টাকা | যাতায়াত ভাতা টাকা | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|---|
| গ্রেড-১ | ৬৭০০/- | ২৩৪৫/- | ৩০০/- | ১৫০/- | ৯৪৯৫/- |

১। একাউন্ট্যান্ট
২। অফিস সুপারেনটেনডেন্ট
৩। হেড ক্লার্ক
৪। সিনিয়র কম্পিউটার অপারেটর
৫। পার্চেজার
৬। কমার্শিয়াল কো-অর্ডিনেটর

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-২ | ৪৮৬০/- | ১৭০১/- | ৩০০/- | ১৫০/- | ৭০১১/- |

১। উচ্চমান ক্লার্ক
২। সহকারী হিসাবরক্ষক
৩। ল্যাব টেকনিশিয়ান
৪। কম্পিউটার অপারেটর
৫। টেলিফোন অপারেটর
৬। ক্যাশিয়ার
৭। অভ্যর্থনাকারী

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-৩ | ৪৪৮০/- | ১৫৬৮/- | ৩০০/- | ১৫০/- | ৬৪৯৮/- |

১। ড্রাইভার (হেভি/লাইট)
২। অফিস সহকারী
৩। ইমাম

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-৪ | ৩৩৮০/- | ১১৮৩/- | ৩০০/- | ১৫০/- | ৫০১৩/- |

১। শিশু কেয়ারটেকার
২। বাবুর্চি
৩। লন্ড্রিম্যান
৪। বোটম্যান
৫। ট্রাক হেলপার
৬। মালি
৭। সিকিউরিটি গার্ড
৮। পিয়ন
৯। ঝাড়ুদার

*** শিক্ষানবিসঃ**

শিক্ষানবিসীকালীন একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ৩৮০০/-(তিন হাজার আটশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিসীকাল হইবে ০৬ (ছয়) মাস। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

*** অন্যান্য সুবিধাদিঃ**

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এ বর্ণিত সংশ্লিষ্ট ধারা অনুযায়ী প্রাপ্য হইবেন।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd